তারিখ — 9 AUG 2017
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

মো. সিদ্দিকুর রহমান

# শিক্ষকদের পাঠদানবহির্ভূত কার্যক্রম বন্ধ হোক

শিক্ষাদান সম্পর্কিত কাজের মধ্যে রয়েছে— প্রত্যেক মাসে ছাত্র হাজিরা খাতায় নাম উঠানো, দৈনন্দিন উপস্থিতি-অনুপস্থিতির হিসাব সংরক্ষণ, হোম ভিজিট, উপকরণ তৈরি, দৈনিক পাঠ পরিকল্পনা তৈরি, বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি তথ্য, প্রাথমিক শিক্ষক সমাপনী সার্টিফিকেট লেখা, বছরে তিনটি পরীক্ষা ছাড়া মডেল টেস্ট, সমাপনী ও জেএসসি পরীক্ষার নির্ভুল তথ্য পূরণ ইত্যাদি। এ ছাড়াও প্রগতিপত্রের রেকর্ড হালফিল করে শিক্ষার্থীদের মাঝে বিতরণ করে অভিভাবকদের স্বাক্ষর নিয়ে সংরক্ষণ করতে হয়। প্রতি মাসে সব শিক্ষকের স্বাক্ষরসংবলিত তথ্য লিখে মাসকাবারা ফরম অফিসে দাখিল করতে হয়। ১ জানুয়ারির আগে বিনামূল্যের বই সংগ্রহ করে তাতে সিল মেরে শিক্ষার্থীদের কাছে বিতরণ, মাস্টাররোল রাখা, মিলাদ মাহফিল, খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ছুটির দিনে জাতীয় দিবস ও বিশেষ দিবসের কর্মকাণ্ড পরিচালনা, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি, বিদ্যালয়ের কল্যাণ সমিতি, শিক্ষক-অভিভাবক সমিতিসহ ১১ ধরনের কমিটির সভা আহ্বান ও যাবতীয় আনুষঙ্গিক কাজ করা, বিদ্যালয়ের সব পরীক্ষাসহ সমাপনী, মডেল টেস্ট পরীক্ষার খাতা দেখে রাত জেগে স্বল্প সময়ে ফলাফল দেয়া, মা সমাবেশ, উঠান বৈঠকসহ অসংখ্য ফাইল হালফিল রাখা, অফিসে তথ্য পাঠানো ইত্যাদি কাজও শিক্ষকদের করতে হয়। নানা কাজকর্মে ব্যস্ত থাকায় অনেক সময় পারিবারিক অনুষ্ঠান ও বহু বার্ষিক ছুটি তাদের জীবন থেকে হারিয়ে যায়। রাজারবাগ আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান

বা ওয়ার্ড পর্যায়ে নির্ধারিত অফিস স্থাপন করে কর্মচারীর মাধ্যমে কাজ করানো যায়। কোনো অবস্থায়ই শিক্ষকদের বাড়ি বাড়ি যাওয়ার কাজ করতে দেয়া সমীচীন নয়, ৫. মাসকাবারা ফরমে স্বাক্ষর ও তথ্য বাতিল করে প্রধান শিক্ষকদের আয়ন-ব্যয়নের ক্ষমতা দিয়ে বিদ্যালয় শিক্ষকদের মাসিক বেতনসহ নানা প্রাপ্তির ব্যবস্থা করতে হবে, যাতে পাওনার জন্য শিক্ষকদের অফিসমুখী না হতে হয়। প্রত্যেক বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষকের পদ সৃষ্টি করতে হবে, ৬. পাবলিক পরীক্ষার মতো সমাপনী পরীক্ষার সব কর্মযজ্ঞ বোর্ডের আওতায় আনা প্রয়োজন, ৭. বিদ্যালয়ের ১১ ধরনের কমিটি বাতিল করে প্রধান শিক্ষকের নেতৃত্বে দাতা, অভিভাবক সদস্য ও সব শিক্ষককে নিয়ে কার্যকর বিদ্যালয় কল্যাণ সমিতি গঠন করা হোক, ৮. পরিদর্শককে বিদ্যালয় পরিদর্শনকালীন শিক্ষক-শিক্ষার্থীর উপস্থিতিতে আদর্শ পাঠ বাধ্যতামূলকভাবে দেয়া নিশ্চিত করতে হবে। আদর্শ পাঠ অনুসরণ করা হয় কিনা তা পরবর্তী পরিদর্শনে পর্যবেক্ষণ করতে হবে।

প্রাথমিক শিক্ষকদের বিদ্যালয়ের বাইরের কাজের চাপ কমিয়ে প্রাথমিক শিক্ষাকে মানহীন হওয়া থেকে রক্ষা করা জরুরি। সবার মাঝে জাগ্রত হোক শিক্ষকদের প্রতি মর্যাদাবোধ।

**মো. সিদ্দিকুর রহমান :** *আহ্বায়ক, প্রাথমিক শিক্ষক অধিকার সুরক্ষা ফোরাম*
siddiqsir54@gmail.com

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........
তারিখ........
চীফ. পরিসংখ্যান বিভাগ
চীফ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর